# প্রেম ঋতু

তুমি ঘুমিয়েছিলে, হয়তো !

প্রায় বছর বাদে,
গত রাতে সে এসেছিলো
তারই পিছু এলো সেও, রাতে।

তুমি ঘুমিয়েছিলে, হয়তো !

মাতাল আমিকে,
আরও মাতাল করে দিতে
দুজনেই মিলে উদ্দাম নেচেছিলো, রাতে।

তুমি ঘুমিয়েছিলে, হয়তো !

তুমি বলেছিলে,
সে এলেই নাকি ঝড় ওঠে
আবারো সেই ঝড় উঠেছিলো, রাতে।

তুমি ঘুমিয়েছিলে, হয়তো !

কাল কালো নিশুথে,
পিচ ঢালা শহরের পথে সে
নাচের এলোমেলো বোলে ছুটেছিলো, রাতে।

তুমি ঘুমিয়েছিলে, হয়তো !

শুকনো পাতার দল,
তাকে ছুঁতে ছোটে পিছুপিছু
ধুলোর আড়ালে অধরা লুকোয়, রাতে।

তুমি ঘুমিয়েছিলে, হয়তো !

বাতাসের শনশন সুর,
উদ্দাম নাচের বোল শুধুই সুমধুর
কালোবাড়িগুলো নিরবে দাঁড়িয়ে দেখে, রাতে।

তুমি ঘুমিয়েছিলে, হয়তো !

[২]

নাচের ক্লান্তির শেষে,
অঝোর ধারায় ভেজায় তনুদেহ
নির্বাক ক্রন্দনে ভেজে স্মৃতিপট, রাতে।

তুমি ঘুমিয়েছিলে, হয়তো !

সাঙ্গ হোল খেলা,
বলে গেলো বিদায় বেলা,
এবার জেগে দেখো
কেমনে বসন্ত ভেজে বর্ষায়, রাতে।

কথা দিয়েছে আসবে আবার, হয়তো !

# # # # #

**উত্তরায়ণ দেব**
এপ্রিল, ২০০৮/শিলিগুড়ি